

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৮৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে সুতরাহ্ (সুতরা)

আরবী

وَعَنْ أَبِي سَعِيدٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا يَقْطَعُ الصَّلَاةَ شَيْء وادرؤوا مَا اسْتَطَعْتُمْ فَإِنَّمَا هُوَ شَيْطَانٌ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৭৮৫-[১৪] আবৃ সা'ঈদ আল খুদরী (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ কোন কিছুই সালাত (সালাত/নামায/নামাজ) নষ্ট করতে পারে না। এরপরও সালাতের সম্মুখ দিয়ে কিছু যাতায়াত করলে সাধ্য অনুযায়ী তাকে বাধা দিবে। নিশ্চয়ই তা শায়ত্বন (শয়তান)। (আবৃ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৭১৯, যঈফু আল জামি' ৬৩৬৬। কারণ এর সানাদে মুজালিদ ইবনু সা'ঈদ নামে মদ স্মৃতিশক্তি সম্পন্ন একজন রাবী রয়েছে। আর তিনি এ হাদীসটি একবার মারফু' আর একবার মাওকূফ সূত্রে বর্ণনা করার মাধ্যমে বিশৃঙ্খলা সৃষ্টি করেছেন। হাদীসের প্রথমাংশটি সহীহ হাদীসের সাথে সাংঘর্ষিক হওয়ায় দুর্বল। আর দ্বিতীয় অংশটির অর্থ সহীহ। কারণ এর স্বপক্ষে শাহিদ রয়েছে।

ব্যাখ্যা

ব্যাখ্যা: সুতরাহ্ (সুতরা) ছাড়া সালাত (সালাত/নামায/নামাজ) আদায়কারীর সামনে থেকে কোন জিনিস অতিক্রম করলে সালাতকে ফাসিদ করতে পারে না। এটাই তার স্পষ্ট প্রমাণ। "কোন কিছুই সালাত নষ্ট করতে পারে না"- এর মর্ম এমন হতে পারে যে, সালাতের কোন রুকন ক্ষতিগ্রস্ত হয় না। তবে সালাতে একাগ্রতা বিনষ্টের রক্ষাকবচ হিসেবে সুতরাহ্ (সুতরা) ব্যবহারের প্রয়োজন রয়েছে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



 ${\color{red} {\it 9}} {\color{blue} Link-https://www.hadithbd.com/hadith/link/?id=55344}$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন